



দিনাজপুর কালেশ্বরেট স্কুল অ্যান্ড কলেজ

মিশন রোড, ডাকঘর : দিনাজপুর, উপজেলা : দিনাজপুর সদর, জেলা : দিনাজপুর, স্থাপিতঃ ২০০০ খ্রিঃ
বিদ্যালয় কোডঃ ৮১১১, EIINঃ ১৩৫৩২৩, উপজেলা কোডঃ ১১৬, জেলাকোডঃ ০৩, ডাককোডঃ ৫২০০, ফোনঃ ৬২১৩৭।

তারিখ: ৪-৬-২০১৬ খ্রি:

অর্ধবার্ষিক পর্বের নোটিশ-২০১৬

এতদ্বারা দিনাজপুর কালেশ্বরেট স্কুল অ্যান্ড কলেজ এর সকল শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকবৃন্দকে জানানো যাচ্ছে যে, আগামী ১২/৭/২০১৬ ইং হতে অর্ধবার্ষিক পরীক্ষা শুরু হতে যাচ্ছে। এই পরীক্ষা শিক্ষার্থীদের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। কারণ অর্ধবার্ষিক ও বার্ষিক দুই পরীক্ষার গড়ের মাধ্যমে বছরের শেষে চূড়ান্ত মেধা তালিকা প্রস্তুত হয়। নিম্নে অর্ধবার্ষিক পর্বের পরীক্ষা সংক্রান্ত জরুরী বিষয় সমূহ আপনাদের জ্ঞাতার্থে অবহিত করা হলো।

- ১। অর্ধবার্ষিক পরীক্ষার ফি- নার্সারি-১ হতে ২য় শ্রেণিঃ ২০০ টাকা, ৩য় হতে ৫ম শ্রেণি ২৫০ টাকা এবং মাধ্যমিক শাখা ৬ষ্ঠ হতে ১০ম শ্রেণি ৩০০ টাকা হারে, জুন মাসের বেতন সহ যাবতীয় পাওনাদি ব্যাংকে পরিশোধ করতে হবে।
- ২। অনুপস্থিতির কারণে প্রতিদিন ২০/- টাকা হারে এবং প্রতি মাসের বেতন মাসে পরিশোধ না করার ফলে ৫০/- টাকা হারে জরিমানা ব্যাংকে পরিশোধ করতে হবে। অন্যথায় পরীক্ষার অনুমতি পত্র দেয়া হবেনা।
- ৩। আগামী ২৩/০৬/২০১৬ ইং তারিখের মধ্যে শ্রেণি শিক্ষকের নিকট ব্যাংক জমা রশিদ বই টি স্বাক্ষর করিয়ে পরীক্ষার অনুমতি পত্র সংগ্রহ করতে হবে।
- ৪। বেতন কিংবা পরীক্ষার ফি বকেয়া থাকলে পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি পত্র দেয়া হবেনা।
- ৫। কোনো শিক্ষার্থী পরীক্ষায় অসদুপায় অবলম্বন করলে তার পরীক্ষা বাতিল বলে গণ্য হবে। অর্ধবার্ষিক পর্বে সে আর কোনো পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেনা।
- ৬। অর্ধবার্ষিক/বার্ষিক পর্বের খাতা দেখানো হবেনা। তবে, কেউ কোনো বিষয়ে খাতা পুনঃমূল্যায়ন করতে চাইলে, প্রতি বিষয়ে ৫০/- (পঞ্চাশ টাকা) হারে ফি প্রদান করে খাতা মূল্যায়নের আবেদন করতে পারবেন। তবে প্রধান পরীক্ষা নিয়ন্ত্রক নিজে খাতা পুনঃমূল্যায়ন করবেন। অভিভাবক/শিক্ষার্থীর হাতে খাতা দেয়া হবেনা।
- ৭। পরীক্ষার ফলাফল অনলাইনে প্রকাশ করা হবে। পাশাপাশি, এসএমএস এর মাধ্যমে জানিয়ে দেয়া হবে। এবং রেজাল্ট এর হার্ডকপি রেজাল্ট এর দিন প্রত্যেকটি শিক্ষার্থীকে দেয়া হবে।
- ৮। অর্ধবার্ষিক পরীক্ষার ফলাফল আগামী ৬/৮/২০১৬ ইং তারিখে প্রকাশ করা হবে।
- ৯। ১০ম শ্রেণির প্রাক-নির্বাচনী পরীক্ষা সম্পূর্ণ বই হতে অনুষ্ঠিত হবে।
- ১০। ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণি পর্যন্ত সৃজনশীল প্রশ্ন ৬ টি ও বহুনির্বাচনী প্রশ্ন ৪০ টি করে অনুষ্ঠিত হবে।
- ১১। ৯ম-১০ম শ্রেণির ক্ষেত্রে মডেলের অনুরূপ সৃজনশীল ৭টি ও বহুনির্বাচনী ৩০ নম্বরের অনুষ্ঠিত হবে।
- ১২। পরীক্ষার সময়কাল রুটিন ও প্রশ্নে উল্লেখ করা থাকবে।
- ১৩। প্রতিষ্ঠান কর্তৃপক্ষ প্রয়োজনে পরীক্ষার সময়সূচী পরিবর্তন করার ক্ষমতা সংরক্ষণ করেন।

আদেশক্রমে

অধ্যক্ষ

(মো: রাহিনুর ইসলাম)